



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২২২/ ৬৭২ /

তারিখঃ ২৪.০৭.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- মৃত্যুজনিত কারণে পুনরায় ম্যানেজিং কমিটির সভাপতি পদে মনোনয়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার সাপাহার উপজেলাধীন মাইপুর নেছারিয়া দাখিল মাদ্রাসার বিদ্যমান ম্যানেজিং কমিটির সভাপতি জনাব আলহাজ্ব আব্দুল গফুর গত ২৫/০৬/২০১৯ খ্রি: তারিখে মৃত্যুবরণ করায় মাদ্রাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে প্রিজাইডিং অফিসারের সভাপতিত্বে ম্যানেজিং কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সদস্যদের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে মো: হাবিবুর রহমানকে সভাপতি হিসেবে নির্বাচন করে সভার কার্য বিবরণী অত্র বোর্ডে প্রেরণ করেছেন।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ০৮/০৫/২০১৮খ্রি. তারিখের নং-বামাশিবো/প্রশা/ ২২১১৮১২৩৮০৬১/৮০৭৪/নথি নং-২২২ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য মো: হাবিবুর রহমান, পিতাঃ মো: বহির উদ্দিন, মাতা: মোসা: ছামিয়া, গ্রাম: মাইপুর, পো: নিশ্চিন্তপুর, সাপাহার, নওগাঁ কে সভাপতি পদে মনোনয়ন দেয়া হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

সুপার, মাইপুর নেছারিয়া দাখিল মাদ্রাসা

পো: নিশ্চিন্তপুর, সাপাহার, নওগাঁ

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২২২/ ৬৭২ /

তারিখঃ ২৪.০৭.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, নওগাঁ।
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সাপাহার, নওগাঁ।
৪. সভাপতি, মাইপুর নেছারিয়া দাখিল মাদ্রাসা।
৫. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৬. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪